

ধানের সরু বাদামী দাগ রোগ

রোগ আক্রমণের লক্ষণঃ

পাতায় শিরার সমান্তরালে ছোট ছোট সরু ও লম্বালম্বি চিকন বাদামী দাগ পড়ে। পাতার খোলে বীজের বোটায়, তুষের উপরও এই দাগ পড়ে। একাধিক দাগ একত্রে মিশে অপেক্ষাকৃত বড় ও চওড়া দাগের সৃষ্টি হতে পারে। আক্রমণ প্রবণ হলে দাগ গুলো মোটা হালকা বাদামী রঙের হয়।